


কলেজ শাখার

# প্রসপেক্টাস

২০২৫-২০২৬

College Section

# PROSPECTUS

2025-2026



"সুশিক্ষা আলোকিত জীবনের পাথেয়"

# গাজীপুর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ

বিওএফ, গাজীপুর সেনানিবাস, গাজীপুর-১৭০৩।

# কলেজ পরিচিতি

**গাজীপুর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ** ২০১৭ সালে গাজীপুর সেনানিবাসে প্রতিষ্ঠিত হয় একটি আধুনিক ও আদর্শ শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিচ্ছবি হিসেবে। এ প্রতিষ্ঠানটি শিক্ষার্থীদের শুধু পাঠ্যপুস্তক ভিত্তিক নয়, বরং নৈতিক, সামাজিক ও নেতৃত্বমূলক গুণাবলিতে পরিপূর্ণ মানুষ হিসেবে গড়ে তুলতে প্রতিশ্রুতিবদ্ধ।

সেনা তত্ত্বাবধানে পরিচালিত এই শিক্ষা প্রতিষ্ঠানটি শুরু থেকেই শৃঙ্খলা, নৈতিকতা ও আধুনিক শিক্ষার মেলবন্ধনে এক অনন্য দৃষ্টান্ত স্থাপন করেছে। এখানে রয়েছে দক্ষ, আন্তরিক ও অভিজ্ঞ শিক্ষকবৃন্দ, যারা শিক্ষার্থীদের একাডেমিক উৎকর্ষের পাশাপাশি জীবনের নানামুখী চ্যালেঞ্জ মোকাবেলায় প্রস্তুত করে তোলেন। প্রতিষ্ঠানে রয়েছে মাল্টিমিডিয়া ক্লাসরুম, আধুনিক আইসিটি ল্যাব, সুসজ্জিত বিজ্ঞানাগার, সমৃদ্ধ পাঠাগার এবং নিরাপদ ইন্টারনেট সুবিধা-যা শিক্ষার্থীদের প্রযুক্তিনির্ভর যুগোপযোগী শিক্ষায় অন্তর্ভুক্ত করে। ক্যাম্পাস জুড়ে সিসিটিভি ক্যামেরার মাধ্যমে সার্বক্ষণিক নিরাপত্তা ব্যবস্থা, পরিচ্ছন্ন ও স্বাস্থ্যকর পরিবেশ এবং ছাত্র ছাত্রীদের জন্য পৃথক মেডিকেল রুম **গাজীপুর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ**-কে একটি নিরাপদ ও যত্নশীল শিক্ষাঙ্গনে পরিণত করেছে। শিক্ষার্থীদের মানসিক ও শারীরিক বিকাশের জন্য রয়েছে খেলার মাঠ, সাংস্কৃতিক মঞ্চ, নিয়মিত বিতর্কচর্চা এবং সৃজনশীল কার্যক্রম। বর্তমানে এই প্রতিষ্ঠানে নার্সারি থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত পাঠদান কার্যক্রম পরিচালিত হচ্ছে। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকে বিজ্ঞান, ব্যবসায় শিক্ষা এবং মানবিক শাখায় পাঠদান করা হয়।

প্রতিষ্ঠানের শিক্ষা কার্যক্রম পরিচালিত হয় একজন অভিজ্ঞ সেনা কর্মকর্তার তত্ত্বাবধানে এবং পরিচালনা পর্ষদের সক্রিয় অংশগ্রহণে। প্রতিষ্ঠানটি একাডেমিক শিক্ষার পাশাপাশি মূল্যবোধ, দেশপ্রেম, নেতৃত্ব এবং সৃজনশীলতার সমন্বয়ে ভবিষ্যৎ প্রজন্মকে আদর্শ নাগরিক হিসেবে গড়ে তুলতে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। **গাজীপুর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল অ্যান্ড কলেজ** একটি এমন শিক্ষাপ্রতিষ্ঠান, যেখানে রয়েছে শিক্ষার্থীদের প্রতিটি দিন নতুন কিছু শেখা, বেড়ে ওঠা ও নিজেকে তৈরি করার একটি সুযোগ।

## প্রতিষ্ঠানের লক্ষ্য ও উদ্দেশ্য

**গাজীপুর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ** এর লক্ষ্য হলো সুশৃঙ্খল, দক্ষ এবং দেশপ্রেমিক নাগরিক গড়ার মাধ্যমে আধুনিক শিক্ষার প্রসার এবং দেশের মানব সম্পদ উন্নয়ন করা।

## ভিশন

প্রতিষ্ঠানের দৃষ্টিপথ সুবিস্তৃত আধুনিক জ্ঞানভিত্তিক শিক্ষা যা শিক্ষার্থীদের বিশ্বায়ন মোকাবেলায় প্রস্তুত করে তুলবে।

**মূলমন্ত্র** ‘সুশিক্ষা আলোকিত জীবনের পাথেয়’।

# ভর্তির নিয়মাবলী

ঢাকা শিক্ষা বোর্ড কর্তৃক নির্দেশিত নিয়ম অনুযায়ী এ প্রতিষ্ঠানে ভর্তি কার্যক্রম পরিচালনা করা হয়।

## প্রয়োজনীয় কাগজপত্র

০১। ভর্তি নিশ্চায়নের স্লিপ ০১ (এক) কপি।
০২। এস.এস.সি/সমমানের পরীক্ষার মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট এবং শিক্ষাপ্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত মূল প্রশংসাপত্র।
০৩। ট্রান্সক্রিপ্ট ও প্রশংসাপত্রের ফটোকপি ০১ (এক) টি করে।
০৪। সেনানিবাসে কর্মরত ও প্রতিরক্ষা খাত থেকে বেতনভুক্ত ব্যক্তিবর্গের সন্তানের ক্ষেত্রে (SQ কোটা) ইউনিট প্রধান/অফিস প্রধানের প্রত্যয়ন পত্র।
০৫। মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে (FQ কোটা) সরকারি নির্দেশনা অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র।
০৬। সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি ০২ (দুই) কপি।
০৭। জন্ম নিবন্ধনের ফটোকপি ১টি।
০৮। বাবা অথবা মায়ের জাতীয় পরিচয় পত্রের ফটোকপি।
০৯। অভিভাবকের পাসপোর্ট সাইজের-০১ (এক) কপি ছবি।

## হাউজ পরিচিতি

**গাজীপুর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ** শিক্ষার্থীদের নৈতিক, সামাজিক ও নেতৃত্বের গুণাবলি বিকাশে একটি শক্তিশালী হাউজ পদ্ধতি অনুসরণ করে। শিক্ষার্থীদের চারটি স্বতন্ত্র হাউজে বিভক্ত করা হয় - জয়নুল, রোকেয়া, নজরুল ও ভাসানী। প্রতিটি হাউজ একজন আদর্শ ব্যক্তিত্বের নামানুসারে নামকরণ করা হয়েছে, যাঁদের জীবনাদর্শ ছাত্রছাত্রীদের অনুপ্রাণিত করে।

| | |
|---|---|
| জয়নুল হাউজ | সাহস, ত্যাগ ও দেশপ্রেমের প্রতীক। |
| নজরুল হাউজ | সাহসিকতা, মানবতা ও সাহিত্যপ্রেমের প্রতিচ্ছবি। |
| ভাসানী হাউজ | নেতৃত্ব, ন্যায় ও সমাজসেবার অনুপ্রেরণা। |
| রোকেয়া হাউজ | নারী শিক্ষা ও সাম্যের আদর্শে উজ্জীবিত। |



**লে. কর্নেল মোঃ জয়নাল আবেদীন,** পিএসসি, এমফিল, এইসি
অধ্যক্ষ

## কলেজ শাখার শিক্ষকবৃন্দ

### বাংলা বিভাগ



**সুমাইয়া খানম**
প্রভাষক, বাংলা



**সৈয়দ জাহিদুর রহমান**
প্রভাষক, বাংলা



**মারিয়া রানা মিতু**
প্রভাষক, বাংলা

### ইংরেজি বিভাগ



**শেখ নাসির উদ্দিন**
প্রভাষক, ইংরেজি




**মিজানুর রহমান**
প্রভাষক, ইংরেজি



**মোঃ আতিকুর রহমান**
প্রভাষক, ইংরেজি

## তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ



**অনন্যা ইসলাম**
প্রভাষক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি



**মোঃ শাহাবুব আলম**
প্রভাষক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি

## পদার্থবিজ্ঞান বিভাগ



**মোঃ ছাব্বির হোসেন**
প্রভাষক, পদার্থবিজ্ঞান



**আবু হেনা মোস্তফা কামাল**
প্রভাষক, পদার্থবিজ্ঞান



**মোঃ বায়োজীদ**
প্রভাষক, পদার্থবিজ্ঞান

## রসায়ন বিভাগ



**মোঃ খোকন মিয়া**
প্রভাষক, রসায়ন



**সাইফ উদ্দিন আহমেদ**
প্রভাষক, রসায়ন



**মোঃ হাসান মাহমুদ**
প্রভাষক, রসায়ন



**নুরজাহান আক্তার**
প্রভাষক, রসায়ন

## জীববিজ্ঞান বিভাগ



**প্রতিকা সরকার**
প্রভাষক, জীববিজ্ঞান



**রাহাত আরা খানম**
প্রভাষক, জীববিজ্ঞান



**জেরিন নিশাত**
প্রভাষক, জীববিজ্ঞান



**সারোয়ার জাহান**
প্রভাষক, জীববিজ্ঞান

## গণিত বিভাগ



**শাহ মোঃ ফরহাদ হোসেন**
প্রভাষক, গণিত



**মোঃ জহিরুল ইসলাম**
প্রভাষক, গণিত



**মোঃ সাদ্দাম হোসেন**
প্রভাষক, গণিত

## ব্যবসায় শিক্ষা বিভাগ



**মোঃ মাহবুবুল আলম ইমরান**
প্রভাষক, হিসাববিজ্ঞান



**সাদ্দাম হোসেন**
প্রভাষক, ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা



**কে. এম. আব্দুল্লাহ্ আল আমিন**
প্রভাষক, ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা



**শিরিন আক্তার**
প্রভাষক, উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন

## মানবিক বিভাগ



**কাবেরী কবীর**
প্রভাষক, সমাজবিজ্ঞান



**মোঃ আল আমিন হোসাইন**
প্রভাষক, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি



**মনি সরকার জুঁই**
প্রভাষক, অর্থনীতি



**তাসরিন সরকার**
প্রভাষক, ভূগোল

## পরিসংখ্যান বিভাগ



**মোঃ বেলাল হোসেন**
প্রভাষক, পরিসংখ্যান

## প্রদর্শক আইসিটি



**মোঃ এস এম মানিক**
প্রদর্শক, আইসিটি বিভাগ

## কোর্সের বিবরণ

### ২০২৫-২৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণির শিক্ষার্থীদের বিভাগ ভিত্তিক বিষয়ের তালিকা :

| | |
|---|---|
| ক। | সকল বিভাগের শিক্ষার্থীদের জন্য আবশ্যিক বিষয় :<br>১। বাংলা ২। ইংরেজি ৩। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি |
| খ। | বিজ্ঞান বিভাগ :<br>আবশ্যিক বিষয় :<br>৪। পদার্থবিজ্ঞান ৫। রসায়ন ৬। জীববিজ্ঞান/ উচ্চতর গণিত<br>ঐচ্ছিক বিষয় : ( যে কোন একটি নেওয়া যাবে) ১। জীববিজ্ঞান ২। উচ্চতর গণিত ৩। পরিসংখ্যান |
| গ। | ব্যবসায় শিক্ষা বিভাগ :<br>আবশ্যিক বিষয় :<br>৪। ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা ৫। হিসাববিজ্ঞান ৬। ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা/ উৎপাদন ব্যবস্থা ও বিপণন<br>ঐচ্ছিক বিষয় : ( যে কোন একটি নেওয়া যাবে)<br>১। ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা ২। উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন ৩। পরিসংখ্যান |
| ঘ। | মানবিক বিভাগ :<br>আবশ্যিক বিষয় :<br>৪। ইসলামের ইতিহাস ও সংস্কৃতি ৫। অর্থনীতি ৬। ভূগোল/ সমাজবিজ্ঞান<br>ঐচ্ছিক বিষয় : (যে কোন একটি নেওয়া যাবে) ১। ভূগোল ২। সমাজবিজ্ঞান ৩। পরিসংখ্যান |

## শাখাসমূহের শ্রেণিবিন্যাস

| বিভাগ | শাখার নাম সমূহ |
|---|---|
| বিজ্ঞান | ইলেকট্রন (Electron), প্রোটন (Proton), নিউট্রন (Neutron) |
| মানবিক | জেনিথ (Zenith), হরাইজন (Horizon) |
| ব্যবসায় শিক্ষা | ফ্যালকন (Falcon) |

## সেশন চার্জ ও টিউশন ফি

| ক্ষেত্র | বিজ্ঞান | | ব্যবসায় শিক্ষা | | মানবিক | |
|---|---|---|---|---|---|---|
| | সামরিক | বেসামরিক | সামরিক | বেসামরিক | সামরিক | বেসামরিক |
| সেশন চার্জ-একাদশ | ১১,৬০০ | ১৩,৬০০ | ১১,৬০০ | ১৩,৬০০ | ১১,৬০০ | ১৩,৬০০ |
| সেশন চার্জ-দ্বাদশ | ১০,৭০০ | ১২,৭০০ | ১০,৭০০ | ১২,৭০০ | ১০,৭০০ | ১২,৭০০ |
| মাসিক বেতন | ১,১৭৫ | ২,৫৩০ | ১,১৫০ | ২,২০০ | ১,১২৫ | ২,০০০ |

## বেতন পরিশোধ পদ্ধতি

* প্রতি মাসের বেতন ঐ মাসের ১৫ তারিখের মধ্যে বিকাশ/ ট্যাপ/ রকেট মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে পরিশোধ করতে হবে।

# সুযোগ সুবিধা



## ডিজিটাল শ্রেণিকক্ষ

গাজীপুর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজে রয়েছে আধুনিক শ্রেণিকক্ষ যা শিক্ষাকে করে তুলেছে বাস্তবসম্মত ও যুগোপযোগী। প্রজেক্টর এবং সাউন্ড সিস্টেমের সুবিধার মাধ্যমে অডিও-ভিজুয়াল পদ্ধতিতে পাঠদান করা হয়।

## পদার্থবিজ্ঞান গবেষণাগার



যেখানে পরীক্ষা মেলে তত্ত্বের সঙ্গে, সেখানেই প্রসারিত হয় পদার্থবিজ্ঞানের পরিধি।



## রসায়ন গবেষণাগার

রসায়ন গবেষণাগার হলো সেই জায়গা, যেখানে তত্ত্ব রূপ নেয় বাস্তবতায়, আর জিজ্ঞাসা জন্ম দেয় অনুসন্ধান।

## জীববিজ্ঞান গবেষণাগার



জীবনের রহস্য বুঝতে হলে চাই সূক্ষ্ম দৃষ্টি- জীববিজ্ঞান গবেষণাগার সেই পথের জানালা।

## আইসিটি ল্যাব



ডিজিটাল দুনিয়ায় দক্ষতার প্রথম ধাপ- আধুনিক কম্পিউটার ও ইন্টারনেট সুবিধাসম্পন্ন
আইসিটি গবেষণাগারই প্রস্তুত করে ভবিষ্যৎ।

## চিকিৎসা সেবা



স্বাস্থ্যগত যেকোনো জরুরি পরিস্থিতিতে শিক্ষার্থীদের দ্রুত চিকিৎসা সুবিধা প্রদানের লক্ষ্যে
কলেজে জরুরি চিকিৎসা সেবার প্রস্তুতি সবসময়ই বিদ্যমান।

# ক্যান্টিন



ছাত্রছাত্রীদের স্বাস্থ্য সচেতনতা ও পুষ্টি চাহিদা মেটাতে কলেজ ক্যাম্পাসে একটি স্বাস্থ্যসম্মত, পরিচ্ছন্ন ও সুশৃঙ্খল ক্যান্টিন পরিচালিত হচ্ছে।

## অর্জন

ক) বিগত বছরের এইচ.এস.সি পরীক্ষার ফলাফলের সার সংক্ষেপ:

| সাল | মোট পরীক্ষার্থী | পাশের হার (%) | A+ | A | A- |
|---|---|---|---|---|---|
| ২০২৪ | ১৫৯ | ১০০ | ৫৮ | ১০১ | - |
| ২০২৩ | ১১৫ | ৯৯.১৪ | ৭ | ৭৭ | ২৮ |
| ২০২২ | ৫৩ | ১০০ | ২২ | ২৯ | ২ |

খ) বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ের সুযোগ প্রাপ্ত শিক্ষার্থীদের ছবির একাংশ :



সাহাত রেজা (বুয়েট)



হরিপদ সাহা (বুয়েট)



ফাহাদ সরকার (কুয়েট)



মাহমুদুল হাসান (চুয়েট)



শাকেরাতুন নিসা (তাজউদ্দিন মেডিকেল)



নাফিস আব্দুল্লাহ (গোপালগঞ্জ মেডিকেল)



নাহিয়ান জামান (ঢাবি)



ফাহমিদ আল-জাবরি (ঢাবি)



কামরুল হাসান (ঢাবি)



তাহমিদুল হোসাইন (ঢাবি)



নাহিদ ইসলাম (ঢাবি)



সাদিয়া মেহজাবিন (জাবি)



আয়েশা সিদ্দিকা (জাবি)



মোসরাত জাহান (জাবি)



ইফাত আরা মুনা (চবি)



হাসান শাহরিয়ার (জবি)



আশিকুজ্জামান রুমেল (শা.বি.প্র.বি.)



সুহাইল আসনাফ (গাকৃবি)



সাইমুম আরাফাত (এম.আই.এস.টি.)



মেহেরাব হোসেন প্রত্যয় (গুচ্ছ)



শাখাওয়াত হোসেন (গুচ্ছ)



এহসান এফাজ (গুচ্ছ)



আহাদ বাবু জনি (গুচ্ছ)



তন্ময় সরকার (গুচ্ছ)



সাইফুন্নেসা আজমিরা (গুচ্ছ)

## সহশিক্ষা কার্যক্রম

### ক্লাবসমূহ

গাজীপুর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজে শিক্ষার্থীদের সৃজনশীলতা, নেতৃত্বগুণ, সাংগঠনিক দক্ষতা এবং সমাজসেবামূলক মানসিকতা বিকাশের লক্ষ্যে বিভিন্ন বিষয়ের উপর ভিত্তি করে বিভিন্ন ক্লাব গড়ে তোলা হয়েছে। প্রতিটি ক্লাব নিয়মিত বিভিন্ন কার্যক্রম আয়োজন করে থাকে এবং শিক্ষার্থীদের সক্রিয় অংশগ্রহণে মুখর থাকে।

| ক্রমিক নং | ক্লাবের নাম |
|---|---|
| ০১ | বাংলা ল্যাংগুয়েজ ক্লাব |
| ০২ | ইংলিশ ল্যাংগুয়েজ ক্লাব |
| ০৩ | বিতর্ক ক্লাব(বাংলা) |
| ০৪ | বিতর্ক ক্লাব(ইংরেজি) |
| ০৫ | কম্পিউটার ও রোবোটিক্স ক্লাব |
| ০৬ | বিজ্ঞান ক্লাব |
| ০৭ | গণিত ক্লাব |

| ক্রমিক নং | ক্লাবের নাম |
|---|---|
| ০৮ | প্রকৃতি ও পরিবেশ ক্লাব |
| ০৯ | বিজনেস ক্লাব |
| ১০ | স্পোর্টস ক্লাব |
| ১১ | আবৃত্তি ও কালচারাল ক্লাব |
| ১২ | সহীহ শুদ্ধ কোরআন কেরাত ও গীতচর্চা ক্লাব |
| ১৩ | সাধারণ জ্ঞান ক্লাব |
| | |

## বিএনসিসি

গাজীপুর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজে শিক্ষার্থীদের দেশপ্রেম, শৃঙ্খলা, নেতৃত্ব ও নাগরিক সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর (BNCC) কার্যক্রম পরিচালিত হয়। এ কার্যক্রমের মাধ্যমে শিক্ষার্থীরা সামরিক মৌলিক প্রশিক্ষণ গ্রহণ করে, শৃঙ্খলাবোধ ও দায়িত্বশীল নাগরিক হিসেবে গড়ে ওঠে।



আন্তঃহাউজ বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ২০২৫-এ জাতীয় শৃঙ্খলা ও নেতৃত্বের প্রতীক হিসেবে মাঠ প্রদক্ষিণ করছে গাজীপুর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজের বিএনসিসি প্লাটুন।

## বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা

শিক্ষার্থীদের মধ্যে স্বাস্থ্যসচেতনতা ও খেলাধুলার প্রতি আগ্রহ তৈরির লক্ষ্যে বিভিন্ন ইনডোর ও আউটডোর গেমস আয়োজন করা হয়। প্রতিযোগিতাগুলোর মধ্যে রয়েছে: দৌড় প্রতিযোগিতা, দীর্ঘলাফ ও উচ্চলাফ, ক্রিকেট ও ফুটবল খেলা, বল নিক্ষেপ, ব্যাডমিন্টন, কাবাডি। বিজয়ীদের পুরস্কৃত করা হয় সার্টিফিকেট ও ট্রফি প্রদান করে।




আন্ত:হাউজ বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ২০২৫-এ চ্যাম্পিয়ন রোকেয়া হাউসের ট্রফি গ্রহণ শেষে প্রধান পৃষ্ঠপোষক মহোদয়ের সঙ্গে বিজয়ের আনন্দমুখর মুহূর্ত।

## সাংস্কৃতিক অনুষ্ঠান

শিক্ষার্থীদের শিল্প-সাহিত্য ও সংস্কৃতিমনা করে গড়ে তুলতে অনুষ্ঠিত হয় বর্ণাঢ্য সাংস্কৃতিক অনুষ্ঠান। অভিভাবক ও অতিথিদের উপস্থিতিতে অনুষ্ঠানটি আরও প্রাণবন্ত হয়ে ওঠে।




নববর্ষ ১৪৩২ উপলক্ষে বৈশাখী মেলা ও সাংস্কৃতিক অনুষ্ঠানে নৃত্য পরিবেশন করছে গাজীপুর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজের শিক্ষার্থীরা।

## পাঠদান পদ্ধতি

প্রতি ক্লাসকে ফলপ্রসূ করার জন্য বিষয় শিক্ষকগণ পাঠ পরিকল্পনা অনুযায়ী ডিজিটাল কনটেন্ট তৈরি করে পাঠদান করে থাকেন। শ্রেণিকক্ষে নির্দিষ্ট সময় পাঠদানের পরও যদি কোন ছাত্র/ছাত্রীর কোন বিষয়ে বুঝতে অসুবিধা হয় তাহলে তাকে সংশ্লিষ্ট বিষয় শিক্ষক পুনরায় তা সমাধান করে দেন।

### প্রাতঃকালীন সমাবেশ

শ্রেণি কার্যক্রম শুরুর পূর্বে নিয়মিত রবিবার ও বুধবার সমাবেশ অনুষ্ঠিত হয়। এতে সকল শিক্ষক ও ছাত্র-ছাত্রীর অংশগ্রহণ বাধ্যতামূলক।

### ক্লাসের সময়সূচী

শুক্র ও শনিবার এবং অন্যান্য সরকারি ছুটির দিন ব্যতীত প্রতিদিন সকাল ০৮.০০ ঘটিকা থেকে ১.৩০ ঘটিকা পর্যন্ত কলেজের শ্রেণি কার্যক্রম চলে।

### শিক্ষার্থীদের অনুপস্থিতি অবহিতকরণ

কোন শিক্ষার্থী ক্লাসে অনুপস্থিত থাকলে তা SMS এর মাধ্যমে অভিভাবকগণকে সকাল ১০.০০ ঘটিকার মধ্যে অবহিত করা হয়।

### অভ্যন্তরীণ পরীক্ষা

প্রথম বর্ষে অর্ধ-বার্ষিক ও বার্ষিক পরীক্ষা অনুষ্ঠিত হয়। দ্বিতীয় বর্ষে প্রাক-নির্বাচনি ও নির্বাচনি পরীক্ষা অনুষ্ঠিত হয়। এছাড়াও প্রতি পর্বে দুটি করে শ্রেণি অভীক্ষা নেয়া হয়।

## অভিভাবক দিবস





অভিভাবক দিবসে সভাপতিত্ব করছেন এ প্রতিষ্ঠানের অধ্যক্ষ।

## একাডেমিক ক্যালেন্ডার

কলেজ কর্তৃপক্ষ প্রতি বছর পরীক্ষাসহ যাবতীয় কার্যক্রমের উপর ভিত্তি করে **একাডেমিক ক্যালেন্ডার** প্রদান করে থাকেন।



## বার্ষিক ম্যাগাজিন

শিক্ষার্থীদের সৃজনশীলতা, চিন্তাশক্তি ও লেখালেখির প্রতি উৎসাহ বাড়াতে প্রতিবছর প্রকাশিত হয় বার্ষিক **ম্যাগাজিন 'অর্জন'**।



## ধূমপান ও রাজনীতিমুক্ত শিক্ষাঙ্গন

কলেজটি সম্পূর্ণরূপে ধূমপান ও রাজনীতিমুক্ত। এ কারণে উক্ত কর্মকাণ্ডে কোন ছাত্র-ছাত্রী দোষী প্রমাণিত হলে তার বিরুদ্ধে কঠোর শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়।

## শিক্ষা সফর

শুধু পাঠ্যপুস্তকভিত্তিক জ্ঞান নয়, বাস্তব অভিজ্ঞতা ও পর্যবেক্ষণের মাধ্যমে শিক্ষার্থীদের জ্ঞানচর্চাকে আরও গভীর ও অর্থবহ করে তুলতে গাজীপুর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ প্রতি বছর আয়োজন করে শিক্ষা সফর।



সোনারগাঁয়ে শিক্ষা সফরে ইতিহাস ও ঐতিহ্যের পাঠ নিচ্ছে গাজীপুর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজের শিক্ষার্থীরা।

## শিক্ষার্থীদের পোশাক

### একাদশ ও দ্বাদশ শ্রেণি - ছাত্র

**গ্রীষ্মকালীন**

১। সাদা হাফ শার্ট ৩৫x৬৫ কাপড় /টরে কাপড়ের। ১টি বুক পকেট, সোল্ডার ফ্ল্যাপসহ। মনোগ্রাম, কলেজের নাম, শ্রেণি ও হাউজভিত্তিক চারটি ভিন্ন রঙের সোল্ডার এবং ডান পাশে বুকের উপর ইংরেজিতে নেইম ট্যাগ।

২। নেভি-ব্লু প্যান্ট (টেট্রন কাপড়ের)। ২টি ক্রস পকেট, সামনের দিকে ডানে ও বামে দুটি করে টিকেন এবং ছয়টি লুপ থাকবে।

৩। কালো অক্সফোর্ড স্যু, কালো মোজা ও কালো বেল্ট (রূপালি বক্‌লেস)।



**শীতকালীন**

১। সাদা ফুল শার্ট ৩৫x৬৫ কাপড় /টরে কাপড়ের। ১টি বুক পকেট, সোল্ডার ফ্ল্যাপসহ। মনোগ্রাম, কলেজের নাম, শ্রেণি ও হাউজভিত্তিক চারটি ভিন্ন রঙের সোল্ডার এবং ডান পাশে বুকের উপর ইংরেজিতে নেইম ট্যাগ।

২। নেভি-ব্লু প্যান্ট (টেট্রন কাপড়ের)। ২টি ক্রস পকেট, সামনের দিকে ডানে ও বামে দুটি করে টিকেন এবং ছয়টি লুপ থাকবে।

৩। কালো অক্সফোর্ড স্যু, কালো মোজা ও কালো বেল্ট (রূপালি বক্‌লেস)।

৪। মনোগ্রামযুক্ত ফুল হাতা মেরুন সোয়েটার।

৫। নেভি-ব্লু রঙের টাই।



## একাদশ ও দ্বাদশ শ্রেণি - ছাত্রী

**গ্রীষ্মকালীন**

১। স্কাই-ব্লু কামিজ ৩৫×৬৫ কাপড়/টরে কাপড়ের। পেছনে চেইন, শার্ট কলার সোল্ডার ফ্ল্যাপসহ। লুজ ফিটিং হাফ হাতা, সাইড কাটা হবে। হাঁটু পর্যন্ত লম্বা, ১.৫ ইঞ্চি চওড়া কাপড়ের বেল্ট। মনোগ্রাম, কলেজের নাম, শ্রেণি ও হাউজভিত্তিক চারটি ভিন্ন রঙের সোল্ডার এবং ডান পাশের ওড়নায় বুকের উপর ইংরেজিতে নেইম ট্যাগ।

২। সাদা সালোয়ার, ক্রসবেল্ট সাদা ওড়না, কালো পাম্প স্যু ও কালো মোজা।



**শীতকালীন**

১। স্কাই-ব্লু কামিজ ৩৫×৬৫ কাপড়/টরে কাপড়ের। পেছনে চেইন, শার্ট কলার সোল্ডার ফ্ল্যাপসহ। লুজ ফিটিং হাফ হাতা, সাইড কাটা হবে। হাঁটু পর্যন্ত লম্বা, ১.৫ ইঞ্চি চওড়া কাপড়ের বেল্ট। মনোগ্রাম, কলেজের নাম, শ্রেণি ও হাউজভিত্তিক চারটি ভিন্ন রঙের সোল্ডার এবং ডান পাশের ওড়নায় বুকের উপর ইংরেজিতে নেইম ট্যাগ।
সাদা সালোয়ার, ক্রসবেল্ট সাদা

২। ওড়না, কালো পাম্প স্যু ও কালো মোজা।

৩। ফুল হাতা মেরুন কার্ডিগান।



**প্রত্যেক ছাত্র-ছাত্রীর প্রতিষ্ঠানের পরিচয়পত্র বহন করা বাধ্যতামূলক।**

## নিয়ম-শৃঙ্খলা


- ইউনিফর্ম এবং জুতা সবসময় পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে। পরিচয়পত্র, নেইম ট্যাগ, হাউজ কালার এবং মনোগ্রাম নির্ধারিত স্থানে ব্যবহার করতে হবে।
- ছাত্রদের কালো প্লেইন বেল্ট ব্যবহার করতে হবে।
- ছাত্রদেরকে সর্বদা চুল ছোট রাখতে হবে। ছাত্রীদেরকে চুল দুই বেণী করে রাখতে হবে। প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা কোনো প্রকার অলঙ্কার পরিধান করতে পারবে না।
- শিক্ষার্থীদের নির্দিষ্ট দিবসে নির্ধারিত পোশাকে কেন্দ্রীয় সমাবেশে উপস্থিত হওয়া বাধ্যতামূলক। সমাবেশ স্থলে লাইন করে আসতে হবে এবং সমাবেশ শেষে লাইন করে শ্রেণিকক্ষে প্রবেশ করতে হবে।
- ক্লাস চলাকালে বা টিফিন পিরিয়ডে জরুরী কাজ বা অসুস্থতার জন্য প্রতিষ্ঠানের বাইরে যেতে হলে অধ্যক্ষ/ উপাধ্যক্ষ/ শ্রেণি শিক্ষকের স্বাক্ষর সম্বলিত অনুমতিপত্র গেইটম্যানকে প্রদর্শন করতে হবে।
- অনুমতি ব্যতীত কলেজ শাখার শিক্ষার্থীরা স্কুল ভবনে এবং স্কুল শাখার শিক্ষার্থীরা কলেজ ভবনে যেতে পারবে না।
প্রতিষ্ঠানের সম্পদের কোনরূপ ক্ষতি সাধন এবং দেয়াল, দরজা, জানালা ইত্যাদিতে কোনো কিছু অঙ্কন করা বা লেখা অপরাধ হিসেবে গণ্য হবে।
- রুটিন অনুযায়ী প্রতিদিনের বই, খাতা এবং ডায়েরি অবশ্যই সঙ্গে আনতে হবে। ডায়েরির পাতা কোনক্রমেই ছেঁড়া যাবে না।
- ক্লাস সমাপ্তির পর বই, খাতা ইত্যাদি চেক করে প্রতিষ্ঠান ত্যাগ করতে হবে। কারো কোনো জিনিস না বলে নেওয়া অপরাধ। এই ধরনের অপরাধের জন্য জরিমানাসহ সংশ্লিষ্ট ছাত্র/ছাত্রীকে ছাড়পত্র দেওয়া হতে পারে।
- ক্যান্টিনের শৃঙ্খলা বজায় রাখতে হবে। টিফিন পিরিয়ডে লাইন করে খাবার সংগ্রহ করতে হবে। ক্যান্টিন সম্পর্কিত যেকোনো অভিযোগ শ্রেণি শিক্ষককে অবহিত করতে হবে।
- টিফিন পিরিয়ডে বারান্দায় দৌড়াদৌড়ি করা সম্পূর্ণ নিষিদ্ধ এবং স্কুল/কলেজ ভবনের নিচে খালি জায়গায় খেলা করা যাবে না।
- পানির ট্যাপ, লাইট ও ফ্যানের অপব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ। টয়লেট ও বেসিন পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা এবং ক্লাস ত্যাগের পূর্বে জানালা বন্ধ করা সকলের দায়িত্ব ও কর্তব্য।
- ক্লাস চলাকালে বারান্দায় চলাচল করা সম্পূর্ণ নিষেধ।
- একে অন্যের হাত ধরে, কাঁধে হাত রেখে অথবা পকেটে হাত রেখে হাঁটা নিষেধ।
- ক্লাসে গল্পের বই, পত্রিকা, ক্যামেরা, ওয়াকম্যান ও মোবাইল ফোন ইত্যাদি নিয়ে আসা নিষেধ।
- নিয়মিত শ্রেণি অভীক্ষা ও অন্যান্য পরীক্ষায় অংশগ্রহণ বাধ্যতামূলক। শ্রেণি অভীক্ষা ও অন্য কোনো পরীক্ষায় অংশগ্রহণ না করলে নিম্নোক্ত হারে জরিমানা আদায় করা হবে।
- শ্রেণি অভীক্ষার প্রতি বিষয়ের জন্য ১০০.০০ টাকা; পর্ব/সামষ্টিক মূল্যায়নের প্রতি বিষয়ের জন্য ২০০.০০ টাকা।

## পরিবহন

| গাড়ির নাম | গাড়ির রুট | মাসিক ভাড়া |
|---|---|---|
| **চৌরঙ্গী-১**<br>০১৭০৫-৪৫২৫৫১ | চৌরাস্তা - মাঝিরখোলা - কলেজ | ১৮০০.০০ টাকা |
| | ডুয়েট - শেলটেক - কলেজ | ১৫০০.০০ টাকা |
| **চৌরঙ্গী-২**<br>০১৭০৫-৪৫২৫৫১ | চৌরাস্তা - মাঝিরখোলা - কলেজ | ১৮০০.০০ টাকা |
| | ডুয়েট - শেলটেক - কলেজ | ১৫০০.০০ টাকা |
| **উদয়ন**<br>০১৭০৫-৪৫২৫৫২ | মারকাজ মসজিদ - কলাপট্টি - মহিলা কলেজ - মাধব বাড়ী - দক্ষিণ ছায়াবীথি - কলেজ | ১৮০০.০০ টাকা |
| **আরণ্যক**<br>০১৭০৫-৪৫২৫৫৩ | পোড়াবাড়ি বাজার - গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয় - সালনা বাজার - কলেজ | ১৮০০.০০ টাকা |
| **উল্লাস**<br>০১৭০৫-৪৫২৫৫৪ | ফাওকাল - শ্মশান - নয়াবাড়ি পুকুর - জোড় পুকুর - কলেজ | ১৮০০.০০ টাকা |

- পরিবহনের জন্য মাসিক ভাড়া মাসের প্রথমে অগ্রিম পরিশোধ করতে হবে।

## কলেজের অবস্থান



# স্থিরচিত্র



বিজ্ঞান মেলা ২০২৫-এ জাতীয় পর্যায়ে তৃতীয় স্থান অর্জন করে ক্রেস্ট গ্রহণ করছে মোঃ ইমতিয়াজ আহমেদ নাহিদ।




ন্যাশনাল আর্থ অলিম্পিয়াডে জাতীয় পর্যায়ে ২১তম স্থান অর্জন করে একাদশ শ্রেণির শিক্ষার্থী রাফায়েল ইসলাম রোয়ান।




পহেলা বৈশাখে ঐতিহ্যবাহী র‍্যালিতে রঙে রঙে রঙিন গাজীপুর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজের শিক্ষার্থীরা।